# আগস্ট-২০১৭ মাসে দিনাজপুর সদর, উপজেলার এনজিও কর্ম তৎপরতা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ আব্দুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর।
সভার তারিখ ঃ ১৯/০৮/২০১৭ খ্রিঃ
সময় ঃ ১০.৩০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভার উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট ক-তে সন্নিবেশিত হল ঃ

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্য-বিবরণী সভায় পাঠ করে শুনানো হয়।

আলোচনা ঃ সভায় এনজিও সমূহকে প্রতি মাসের ১৯ তারিখে সকাল ১০.৩০ মিনিটে এনজিও বিষয়ক সমন্বয় সভার বৈঠক হবে মর্মে আলোচনা হয়। গত মাসের প্রতিবেদন পরবর্তী মাসের ১ হতে ৭ তারিখের মধ্যে দাখিলের বিষয় আলোচনা হয়।

**নিম্নে দিনাজপুর সদর উপজেলার এনজিও সমূহের আগস্ট/১৭ মাসের মাসিক প্রতিবেদন বাস্তবায়িত প্রকল্পের তথ্যাবলী প্রদত্ত হলোঃ**

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| এমবিএস কে | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) বন্যা- ২০১৭<br><br>(৩) ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রম<br><br>(৪) স্যানিটেশন কার্যক্রম | বিবেচ্য মাসে ১০১৩ জন সদস্যদের মাঝে ১৩,১১০,০০০/- ঋণ বিতরণ করা হয়।<br><br>১০৬০ জনের মাঝে ৪টি ক্লাষ্টারের মাধ্যমে নগদ ২,৬৮,০০০/- টাকা সমমূল্যের চিড়া, গুড়, বিস্কুট, লবন, স্যালাইন, চাল, ডাল,তেল, চিনি প্রভৃতি বিতরণ করা হয়।<br><br>বিবেচ্য মাসে ৫ নং শশরা ইউনিয়নের ১০ জন ভিক্ষুকের প্রত্যেককে ১লক্ষ টাকা দিয়ে পুনর্বাসিত করা হয়। তাদেরকে গাভী, গরু, ছাগল, ফেরী দোকান ও মুদির দোকান ধরিয়ে দেয়া হয়। শুরুর দিকে তাদের আয় ৩০০০/- টাকার নিচে হলেও বর্তমানে আয় ৫০০০/- থেকে ১১০০০/- টাকা।<br><br>বিবেচ্য মাসে ক্ষুদ্র ঋণদানকারী প্রতিষ্ঠানের মাধ্যমে বাংলাদেশর গ্রামীন স্যানিটেশন উন্নয়ন প্রকল্পের মাধ্যমে বিশ্বব্যাংকের সহায়তায় দিনাজপুর সদর, উপজেলার ছয়টি শাখার মাধ্যমে ৩৫০০ কি স্বাস্থ্যসম্মত ও টেকসই ল্যাট্রিন স্থাপন করা হবে এবং ৪০০ টি পরিবারে ল্যাট্রিন জরিপ কাজ সর্ম্পূন হয়েছে। | দিনাজপুর সদর<br>৫ নং শশরা ইউপি, | |
| ওয়ার্ল্ড ভিশন | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম,<br><br>(২) শিক্ষা কার্যক্রম প্রশিক্ষণ সহ<br><br>(৩) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন | বিবেচ্য মাসে প্রাথমিক স্বাস্থ্য সেবা দেওয়া হয় ০১ জন কে।<br><br>বিবেচ্য মাসে বয়স্ক ও গণশিক্ষা দেওয়া হয় ১৫ জনকে।<br><br>বিবেচ্য মাসে বাল্যবিবাহ যৌতুক প্রতিরোধ ও সচেতনতা সভা করা হয় ২২৫ জন এর মাঝে। | দিনাজপুর পৌরসভা ১ নং ইউপি, ৬ নং ইউপি, ৪ নং ইউপি, | |
| বি-স্কিলফুল প্রকল্প, সুইচকন্ট্যাক্ট | প্রশিক্ষণ কার্যক্রম | ০২টি প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানে ০৬টি পেশায় ২৩০ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ সম্পন্ন করেছে, যার মধ্যে ১০০ জন পুরুষ এবং ১৩০জন মহিলা। বিগত মাসগুলোতে প্রশিক্ষণপ্রাপ্ত ১৩৪ জন মহিলা স্থানীয় বিভিন্ন প্রতিষ্ঠানে বিভিন্ন পেশায় ৫০০০ টাকার অধিক মাসিক বেতনে চাকুরী পেয়েছে। | দিনাজপুর সদর উপজেলা। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ব্র্যাক | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম<br><br>(৩) স্যানিটেশন কার্যক্রম<br><br>(৪) বনায়ন কার্যক্রম<br><br>(৫) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন<br><br>(৬) প্রতিবন্ধী কার্যক্রম<br><br>(৭) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম,<br><br>(৮) কৃষি ও পরিবেশ<br><br>(৯) প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা<br><br>(১০) প্রশিক্ষণ<br><br>(১১) নৃত্তাত্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়ন।<br>(১২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে ক্ষুদ্র মহিলা ঋণ দেওয়া হয় ২০২৬ জন কে ৪,০১,৩০,০০০/- এবং কৃষি ঋণ দেওয়া হয় ৯৪ জনকে ২০,১০,০০০/-<br><br>বিবেচ্য মাসে চলমান ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ৩৮ টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১২৪২ জন। শিক্ষকদের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান চলতি মাসে ২ জনকে দেওয়া হয়।<br><br>বিবেচ্য মাসে গ্রাম ওয়াশ কমিটির মিটিং এ পর্যন্ত ১৪৮৬৭ টি মিটিং অনুষ্ঠিত হয়েছে ৩৬ টি স্কুলে স্যানিটেশন তৈরি করে দেওয়া হয়েছে।<br><br>বিবেচ্য মাসে ১০৩৭৫ টি চারা বিক্রয়ের মাধ্যমে পরিবেশ ও বনায়নে সহায়তা করা হয়েছে।<br><br>পারিবারিক নির্যাতন প্রতিরোধ চলতি মাসে ০৩ টি পরিবারকে এবং ২০১৭ ইং অর্থ বছরে ২৪ টি পরিবারকে নির্যাতন হতে প্রতিরোধ করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে ব্র্যাক স্কুলে ৮৫ জন প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের ভর্তির করে সকল প্রকার সযোগ সুবিধা দিয়ে আসছে। বিশ্ব প্রতিবন্ধী দিবস ১৭/ পালন করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে গর্ভকালীন সেবা প্রদান করা হয় ১২০৫ জনকে দেওয়া হয়েছে।<br><br>বিবেচ্য মাসে কৃষি প্রযুক্তি ব্যবহার করে ৫০০ কেজি, ৪০০০ কেজি রবি ও খরিপ মৌসুমী সবজিবীজযেমন লাউ, মুলা, শিম, শসা,মিষ্টি কুমড়া ইত্যাদি উৎপাদন করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে দিনাজপুর সদর,জেলা প্রশাসনের সাথে দুর্যোগ প্রস্তুতি দিবস ২০১৭ পালন করা হয়।<br><br>বিবেচ্য মাসে লনিং সেন্টার মাধ্যমে ৩০০ জন কে ব্র্যাক উপকারভোগী কর্মী কর্মকর্তাকে ও ৫০জন অন্যান্য কর্মী/কর্মকর্তাকে প্রশিক্ষণ দেওয়া হয়।<br><br>বিবেচ্য মাসে নৃত্তাতিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন ও ক্ষমতায়নে ব্র্যাক স্কুলে ২৫৫ জন ছাত্র/ছাত্রীদের ভর্তি করে সকল প্রকার সুযোগ সুবিধা দিয়ে আসছে।<br><br>বিবেচ্য মাসে দিনাজপুর সদর উপজেলায় মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর এবং জেলা প্রশাসনের সাথে যৌথভাবে মাদক বিরোধী দিবস পালন করা হয়। | দিনাজপুর সদর উপজেলা | |
| মেরী স্টোপস ক্লিনিক | | বিবেচ্য মাসে মা ও শিশু সাস্থ্য সেবা দেওয়া হয় ৬১২ জনকে এবং কিশোর কিশোরীদের সাধারণ স্বাস্থ্য সেবা দেওয়া হয় ৩২২ জনকে, পরিবার পরিকল্পনা পদ্ধতি সেবা ২০৯১ জনকে দেওয়া হয়। | দিনাজপুর সদর, উপজেলা। | |

| | | | | |
|---|---|---|---|---|
| দি লেপ্রসী মিশন বাংলাদেশ | (১) স্যানিটেশন কার্যক্রম<br><br>(২) প্রতিবন্ধী কার্যক্রম<br><br>(৩) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারে সদস্যদের মাঝে উদ্বুদ্ধ করণ ও সচেতনতা বৃদ্ধি করা হয়।<br><br>বিবেচ্য মাসে কুষ্ঠ ও অন্যান্য শারিরীক প্রতিবন্ধীদের নিয়ে দল গঠন করণ কার্যক্রম চলমান রয়েছে মোট ২৩ টি দল চলমান আছে। যার সদস্য সংখ্যা ২৪৭ জন। এ পর্যন্ত মোট ৯জনকে ক্রাচ ২৫জনকে চক্ষু চিকিৎসা, ১জনকে হুইল চেয়ার ও ১জনকে কৃত্রিম পা প্রদান করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে কুষ্ঠ রোগী সনাক্তকরণ এবং হাসপাতালে প্রেরণ করা হয়। কতজন কুষ্ঠ রোগীকে সনাক্তকরণ করা হয়েছে এবং হাসপাতালে প্রেরণ করা হয়েছে সে সংক্রন্ত কোন তথ্য উল্লেখ নাই।<br><br>বিবেচ্য মাসে প্রতিবন্ধী সদস্য ও তাদের পরিবারের সদস্যদের সমাজ ভিত্তিক কারিগরী প্রশিক্ষনের মাধ্যমে জীবন জীবিকার [illegible] | দিনাজপুর সদর উপজেলা | |
| মানব কল্যাণ পরিষদ | নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন | বিবেচ্য মাসে ৪০ টি দলে উঠান বৈঠকের মাধ্যমে নারী পুরুষের মধ্যে সমতা উন্নয়ন, সিদ্ধান্ত গ্রহণ নারী নির্যাতন প্রতিরোধ নারীর ক্ষমতায়ন ও মাদকাসক্তির কুফল বিষয়ে আলোচনা করা হয়। | ১নং ইউপি, ৬ নংইউপি, ২নং ইউপি. ৭নং ইউপি. | |
| অনন্যা সংস্থা | (১) প্রতিবন্ধী কার্যক্রম<br><br>(২) শিশু সুরক্ষা ও | বিবেচ্য মাসে ০৮ জন প্রতিবন্ধীকে ব্যায়াম, পরামর্শ দেওয়া হয় এবং ০২ জনকে চিকিৎসার জন্য রেফার করা হয় ।<br><br>বাল্য বিবাহ সংক্রান্ত ২ টি সচেতনতা সভা করা হয়। বিবেচ্য মাসে তামাক বিরোধী ২টি সচেতনতা সভা করা হয়। | | |
| | | | | |
| পল্লী শ্রী, | নারীর ক্ষমতায়নে সুযোগ সৃষ্টি | ব্রেড ফর দ্যা ওয়াল্ড-জার্মানী এর সহযোগীতায় নারীর ক্ষমতায়নের জন্য সুযোগ সৃষ্টি সংক্রান্ত কার্যক্রমে ১০৬৯৮৩৩ টাকার প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| সনাক, | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম,<br><br>(২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে জনগনের সঠিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে ও স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে দিনাজপুর জেনারেল হাসপাতালের সেবা সম্পর্কিত তথ্যপত্র বিতরণ ওসেবাগ্রহীতাদেরসেবা সম্পর্কিত মতামত যাচাই ও পরামর্শ ক্যাম্পেইন ০৯ জুলাই সকাল ১০.০০ টায় দিনাজপুর সদর, হাসপাতালে অনুষ্ঠিত হয়।<br><br>বিবেচ্য মাসে প্রাতিষ্ঠানিক স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণ প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন, এসএমসিকে আরও কার্যকর করা, বিভিন্ন বিদ্যালয়ে শিক্ষক স্বল্পতা অবকাঠামোগত সমস্যা সমাধান সদর উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে তথ্য প্রদানকারী কর্মকর্তা নিদিষ্টকরা তথ্য প্রদানের রেজিষ্টার চালু রাখা, বিদ্যালয় উপবৃত্তিপ্রাপ্তদের তালিকা এসএমসি সদস্যদের তালিকা ঝুলানো। | দিনাজপুর সদর | |
| সোসাইটি ফর উদ্যোগ | (১) ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে ৭৮ জনকে ১৯১৩০০০/- ঋণ প্রদান করা হয়। এ মাসে ঋণ আদায় করা হয় ১৪৫৬০৭৩/- | পৌরসভা ১ নং ও ৪নং ইউপি, | |

| | | | | |
|---|---|---|---|---|
| | (২) শিক্ষা কার্যক্রম<br><br><br><br>(৩) কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে ১ নং ইউপি, বড়ইল গ্রামে রোকেয়ার বাড়ীতে ও পূর্ব শিবরামপুর গ্রামে ৩০ জন ছাত্র/ছাত্রী নিয়ে প্রাক প্রাথমিক বিদ্যালয় চলমান রয়েছে।<br><br>বিবেচ্য মাসে নশিপুর নদিয়া পাড়ায় ২৫ জন কৃষককে চলতি মৌসুমে মাটি পরীক্ষা করে পরিমিত রাসায়নিক সার ও জৈব সারবোরো ধানের জমিতে প্রয়োগ করার পরামর্শ প্রদান করা হয়। | | |
| অরবিন্দু শিশু হাসপাতাল | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম, | বিবেচ্য মাসে বর্হিবিভাগে ২১২০ জনকে সেবা দেওয়া হয় এবং অন্তঃ বিভাগে ৩৮৮ জনকে সেবা দেওয়া হয়। | দিনাজপুর | |
| সাউথ এশিয়া ওয়াশ রেজাল্ট প্রোমগ্রাম | (১) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে বন্যা কবলিত বা বন্যায় ক্ষতিগ্রস্থ্য স্কুলগুলোকে চিহ্নিত করে হাইজিন সাপোর্ট প্রদান করা হয়। সদর উপজেলার বন্যা দুর্গতদের মাঝে ৭১১০ টি পরিবারকে হাইপ্রোটিন (বিস্কুট) প্রদান করা হয়। | দিনাজপুর সদর উপজেলা | |
| এইড কুমিল্লা | (১) আইন সহায়তা কার্যক্রম | বিবেচ্য মাসে ইউনিয়ন আইন সহায়তা কমিটির দ্বি-মাসিক সভা করা হয়, উঠান বৈঠক ১০ নং ইউপি ৯ নং ইউপি ৮ নং ইউপি করা হয়। স্কুল বিতর্ক প্রতিযোগিতা দিঘন উচ্চ বিদ্যালয় ০২টি। গ্রাম পর্যায়ে পোষ্টার ইনফরমেশন কার্ড ও লিফলেট বিতরণ চলমান রয়েছে। | দিনাজপুর সদর, | |
| সিডিডি | (১) ঋণ কার্যক্রম<br><br><br>(২) বন্যায় ক্ষতিগ্রস্থ প্রতিবন্ধী ব্যক্তিদের আর্থিক সহায়তা প্রদান<br><br>(৩) শিক্ষা কার্যক্রম<br><br><br>(৪) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন<br><br>(৫) নৃত্তাত্বিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়ন | বিবেচ্য মাসে ১০৫ জন প্রতিবন্ধী ব্যক্তির আয় বৃদ্ধিমুলক কার্যক্রম ফলোআপ করা হয়েছে।<br><br>বন্যায় ক্ষতিগ্রস্থ ৪৪ জন প্রতিবন্ধী ব্যক্তির প্রত্যেক পরিবারকে ২০০০/- টাকা করে সর্বমোট ৮,৮০০০/- টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়।<br><br>বিবেচ্য মাসে ০৭ টি সরকারি প্রথমিক বিদ্যালয় ফলোআপ করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে আদিবাসী সহ ০৩ জন প্রতিবন্ধী শিশু ও নারীর নির্যাতনের ন্যায় বিচার প্রাপ্তির জন্য নারী ও শিশু নির্যাতন কোর্টে মামলার ফলোআপ করা হয়।<br><br>বিবেচ্য মাসে আদিবাসী প্রতিবন্ধী উন্নয়ন সংগঠনের মিটিং এর মাধ্যমে স্বাস্থ্য সচেতনতা আয়বৃদ্ধিমূলক কাজে সম্পৃক্ত হওয়ার জন্য আলোচনা করা হয়। | দিনাজপুর পৌরসভা. ১নং ইউপি ২নং ইউপি ৩ নং ইউপি, ৪নং ইউপি, | |
| অনুঘটক | (১) বনায়ন কার্যক্রম<br><br><br>(২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে পরিবেশ বান্ধব নার্সারী করা হয় ০৫ টি।<br><br><br>বিবেচ্য মাসে মাদকজাত দ্রব্য জনসচেতনতা সভা করা হয় ০১টি। | | |
| কাঞ্চন | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম, | বিবেচ্য মাসে শিশু স্বাস্থ্য সেবা দেওয়া হয় ৩৯৬৪ জনকে এবং মাতৃস্বাস্থ্য সেবা দেওয়া হয় ৩৫০২ জনকে। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| এস বি ও | (১) প্রশিক্ষণ<br><br>(২) স্যানিটেশন কার্যক্রম | বিবেচ্য মাসে ২নং ইউপিতে বন গ্রামের ঠুটির ঘাট পাড়ায় দিন ব্যাপি স্থানী দ্রব্যব্যবহার করে মজবুত ঘর তৈরী বিষয় এক কর্মশালা করা হয়।<br><br>বিবেচ্য মাসে গর্ভেশ্বরী প্রাথমিক বিদ্যালয়ে পায়খানার ব্যবহার ও পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ক আলোচনা ও গানের দলের মাধ্যমে সচেতনতা বৃদ্ধির কার্যক্রম পরিচালনা করা হয়। ছাত্র/ছাত্রী ও অভিভাবক সহ ৩০০ জন অনষ্ঠানে উপস্থিত | দিনাজপুর সদর | |
| বিএস ডিএ | (১) শিক্ষা কার্যক্রম<br><br>(২) প্রতিবন্ধী কার্যক্রম | বিবেচ্য মাসে চলমান স্কুল বিএসডিএ ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ১৭১ টি ছাত্র/ছাত্রী সংখ্যা ৫১০ জন।<br>বিবেচ্য মাসে উপকারভোগীদের নিয়ে ০৮টি সচেতনতা মূলক গুরুপ সভা করা হয়। | | |
| সান ফ্লওয়ার | (১) কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে জৈব কৃষি বিষয়ক আলোচনা সভা করা হয় ০৪ টি এবং বিবেচ্য মাসে সার উৎপাদন এবং বিপনন বিষয়ক মাঠ পর্যায়ে কৃষকদের উত্তদ্ধকরণ কোন সভা করা হয়নি। | | |
| সনাক | (১) পরামর্শ সভা | বিবেচ্য মাসে দিনাজপুর সদর উপজেলা পরিষদ হলরুমে সনাক এর আয়োজনে ও উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগীতায় সদর উপজেলার ১০টি ইউনিয়নের চেয়ারম্যানবৃন্দকে নিয়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠানে স্বচ্ছতা, জবাবদিহিতা বৃদ্ধি ও জনবান্ধনব সেবা নিশ্চিতকরণে এক অধিপরামর্শ সভা অনুষ্ঠিত হয়। | দিনাজপুর সদর | |
| এসএমএনবি | ১) সামাজিক সচেতনতা সভা<br><br>(২) বৃক্ষ চারা বিতরণ | বিবেচ্য মাসে ১০৩ জনকে নিয়ে সামাজিক সচেতনতা সভা করা হয়।<br><br>৪৭টি পরিবারের মাঝে ৪৭টি বৃক্ষ চারা বিতরন করা হয়। | দিনাজপুর সদর | |
| মশীহপাড়া চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ | ১। শিক্ষা কার্যক্রম<br><br>২। জরুরী ত্রাণ | ১২৭ জন শিশুকে ছয়টি প্রাাইমারি স্কুল ও কিন্ডার গার্টেন ও ছয়টি হাই স্কুলে লেখাপড়া করছে।<br><br>বন্যায় ক্ষতিগ্রস্থ ২৩০টি পরিবারের মধ্যে চাল ১৫কেজি, মসুর ডাল ৩কেজি, সোয়াবিন তৈল ৩কেজি ও অন্যান্য উপকরণ | | |
| ডেভেলপমেন্ট কাউন্সিল | ধূমপান ও তামাকজাত দ্রব্য নিয়ন্ত্রণ | আগস্ট-২০১৭ মাসে প্রকল্পের কার্যক্রম পরিচালিত না হওয়ায় আগস্ট মাসের ফলোআপ প্রতিবেদন প্রদান করা হয়েছে। | | |
| ওয়াইডাব্লিউসিএ | ১। শিক্ষা কার্যক্রম<br><br>২। পরিবেশ | নার্সারী স্কুলে শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। উপস্থিতির হার ৮০%।<br>বন্যায় ক্ষতিগ্রস্থ ৩৮০ পরিবারের মধ্যে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়। | | |
| আমইর চাইল্ড স্পন্সরশীপ প্রোগ্রাম | ১। শিক্ষা কার্যক্রম<br><br>২। চিকিৎসা | ১৯৭ জন শিশু দিনাজপুরের মোট ৮টি স্কুলের মাধ্যমে পড়াশুনা করে।<br>১৯৭ জন শিশুর শারীরিক অসুস্থতার চিকিৎসা সেবা প্রদান করা হয়। | | |
| | (১) কর্মসংস্থান কার্যক্রম | | | |
| | (১) অন্যান্য/বিবিধ | | | |
| | (১৬) যে সকল সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | এস ইউপিকে, প্রত্যাশা, | | |

<u>সিদ্ধান্ত</u>

১।	প্রতিটি সংস্থা তাদের প্রতিবেদনে সুনির্দিষ্টভাবে গৃহীত কার্যক্রম দাখিল করবেন এবং প্রতিটি সংস্থাকে প্রতি মাসের ১ হতে তারিখ থেকে ৭ তারিখের মধ্যে মাসিক সভায় কার্যবিবরনীর ছক মোতাবেক মাসিক প্রতিবেদন জমা দেওয়ার জন্য সিদ্ধার্ন্ত গৃহিত হয়। প্রতিটি এনজিওকে প্রকল্প শুরুর প্রাক্কালে এফ ডি -৬ এর কপি উপজেলা সমাজসেবা অফিসারে এর নিকট জমা দেওয়ার সিদ্ধার্ন্ত গৃহিত হয় এবং প্রকল্প চলাকালে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিকে সক্রিয়ভাবে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সিদ্ধার্ন্ত সভায় গৃহীত হয়।

২।	যে সকল এনজিও কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানে ল্যাট্রিন প্রদানের ব্যবস্থা গ্রহণ করে থাকেন তাঁদের ল্যাট্রিন প্রদানের একটি তালিকা জনস্বাস্থ্য প্রকৌশলীকে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

৩।	প্রতি মাসের ১৯ তারিখে সকাল ১০.৩০ মিনিটে এনজি ও বিষয়ক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত হয় এবং সকল সংস্থাকে অবহিত করার জন্য উপস্থিত সকল সদস্যকে অনুরোধ জানানো হয়।

৪।	.............................., আগামী মাসে মাল্টিমিডিয়ার মাধ্যমে তাঁদের কার্যক্রম উপস্থাপন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

৫।	সভার কার্যবিবরনীর ছক অনুযায়ী মাসিক প্রতিবেদন প্রদান করার জন্য উপস্থিত সকল এনজিওকে অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন অন্তে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/=
মোঃ আব্দুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
দিনাজপুর সদর,দিনাজপুর।

## পরিশিষ্ট -ক

উপস্থিত সদস্যদের নাম ও পদবী ( স্বাক্ষরের ক্রমানুসারে)

১। জনাব মোঃ আসাদুজ্জামান, উপজেলা সমাজসেবা অফিসার, দিনজাপুর সদর, দিনজপুর "
২। জনাব মোঃ নুর জামান হোসেন, উপ- সহকারী প্রকৌশলী জনস্থাস্থ্য দিনাজপুর সদর, দিনাজপুর "
৩। জনাব মোঃ মহসিন আলী,জেলা ব্রাক প্রতিনিধি দিনাজপুর। "
৪। জনাব মোঃ আজিজুল হক ফিল্ড এইড কুমিল্লা, মিশোনরোড,দিনাজপুর। "
৫। জনাব মোঃ ইয়াসিন আলী, জেলা সমন্বয়কারী, মানব কল্যাণ পরিষদ বালুবাড়ী দিনাজপুর। "
৬। জনাব সাজেদুল ইসলাম, সিডিএফ লেপ্রসী মিশন বাংলাদেশ দিনাজপুর। "
৭। জনাব ধর্মজয় বর্মন,প্রেগ্রাম ম্যানেজার, এমবিএসকে, বালুবাড়ী,দিনাজপুর। "
৮। জনাব স্বদেশ চন্দ্র রায়,প্রোগ্রাম ম্যানেজার সিডিএ সদর,দিনাজপুর। "
৯। জনাব পুলিন চন্দ্র রায়, সমন্বয়কারী, নিরাপদ বাংলাদেশ, সংস্থা সুন্দরবন,দিনাজপুর। "
১০। জনাব শ্যামল রায়, সিডিও, আর আর এফ,গোবিন্দপুর সদর,দিনাজপুর। "
১১। জনাব দুলাল হোসেন সাবএগ্রিকালচার ডেভেলমেন্ট অফিসার, আর আরএফ, উত্তরগোবিন্দপুর।"
১২। জনাব আনোয়ারুল ইসলাম বাবলূ নির্বাহী পরিচালক অনুঘটক, রামনগর দিনাজপুর। "
১৩। জনাব পিকে মজুমদার, প্রকল্প সমন্বয়কারী,অন্বেষন বাসুনিয়াপট্রি দিনাজপুর। "
১৪। জনাব বেলে নুর সমন্বয়কারী মানব দিশারী সমাজ উন্নয়ন সংস্থা দিনাজপুর। "
১৫। জনাব মোঃ জামিনুল ইসলাম,প্রেগ্রামকো অডিনেটর, মানব দিশারী সমাজ উন্নয়ন সংস্থা,দিনাজপুর। "
১৬। জনাব মোঃ এনায়েতুর রহমান, প্রোগ্রাম ম্যানেজার, বিএসডিএ, ঈদগাঁহ আবাসিক এলাকা "
১৭। জনাব মনসুর আলম,কো-অডিনেটর ডিসি ডেভলপমেন্ট বিরামপুর দিনাজপুর। "
১৮। জনাব মোঃ হারুন অর-রশীদ, এডভোকেসী অফিসার, ব্লাস্ট,দিনাজপুর। "
১৯। জনাব বিউটি রায়, অফিসার, সিডিসি, দিনাজপুর। "
২০। জনাব সবুর আলী, পদক্ষেপ উন্নয়ন কেন্দ্র দিনাজপুর। "
২১। জনাব এম এ, ছালাম, ব্যাঞ্চ ম্যানেজার, টিএমএসএস, উপশহর ১নং দিনাজপুর। "
২২। জনাব মোঃ রুবেল হোসেন বড়বন্দর দিনাজপুর। "
২৩। জনাব রাবেয়া খাতুন, সোস্যাল কমিউনিকেটর, অনন্যা সংস্থা, ঈদগাহবস্তি,দিনাজপুর। "
২৪। জনাব আয়েশা বেগম, নির্বাহী পরিচালক, নারীর জন্য নারী সংস্থা ইসলামবাগ দিনাজপুর। "
২৫। জনাব কৃষ্ণ কান্ত রায়, ডিআইআর এফ সিডিডি নিমনগর দিনাজপুর। "
২৬। জনাব যাযব চন্দ্র রায়, নির্বাহী পরিচালক, সিডিসি দিনাজপুর। "
২৭। জনাব সুনিল হাঁসদা, ফিল্ট অফিসার, কারিতাস, সদর,দিনাজপুর। "
২৮। জনাবমোঃ রশিদুল ইসলাম, ক্লিনিক ম্যানেজার , মেরী স্টোপস ক্লিনিক দিনাজপুর। "
২৯। জনাব ডিএস এম জিল্লুর রহমান, পরিচালক, বিবিডিএস, বড়বন্দর দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
দিনজাপুর সদর, দিনাজপুর।

স্মারক নং-৪১.০১.২৭৬৪.০০০.০৫.০০৫.২০১৭.৩১৮(৪২) তারিখ ঃ ১৮সেপ্টেম্বর, ২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ
১। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। চেয়রম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ
৪। উপজেলা.........................কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর।
৫। চেয়ারম্যান ,..................নং .............ইউপি সকল দিনাজপুর, দিনাজপুর।
৬। জনাব......................................এনজিও প্রতিনিধি দিনাজপুর সদর, দিনাজপুর।

স্বাক্ষরিত//=
মোঃ আসাদুজ্জামান
উপজেলা সমাজসেবা অফিসার
দিনাজপুর সদর,দিনাজপুর